



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- জাতীঃবিঃ/পনি/মাপি/২০২১/২০২৪/ ২৭৯

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ
০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

২০২১ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকল কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষা আগামী ০৯ই অক্টোবর ২০২৪ তারিখ থেকে শুরু হবে। এ পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে গ্রহণ করা হবে। EMS পদ্ধতিতে OMR ফরমের পরীক্ষার্থীর অংশ (E- Type) পরীক্ষা কেন্দ্র হতে EMS এ্যাপ এর মাধ্যমে স্ক্যান করে হাজিরা ডাটা তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরের সার্ভারে সরাসরি প্রেরণ করা হয়। সে কারণে সংশ্লিষ্ট পরীক্ষার OMR পরীক্ষার্থীর অংশ (E- Type) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার ফলাফল প্রকাশের পর ০৬ (ছয়) মাস পর্যন্ত সীলগালা অবস্থায় সংরক্ষণ করতে হবে। পূর্বের ন্যায় জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে বা আঞ্চলিক কেন্দ্রে প্রেরণের প্রয়োজন নেই। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে চাহিদা প্রদান সাপেক্ষে OMR পরীক্ষার্থীর অংশ (E- Type) প্রেরণ করতে হবে।


এমতাবস্থায়, পরীক্ষা শেষে কেন্দ্রের সকল OMR পরীক্ষার্থীর অংশ (E- Type) পূর্বের মত বিষয় ও কোর্স ওয়ারী প্যাকেট করে তারিখ অনুযায়ী বিবরণী তৈরি করে বস্তা বা কাপড়ের প্যাকেটে বিবরণীসহ সীলগালা করে কেন্দ্রে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লেখ্য, যদি উত্তরপত্রের OMR পরীক্ষার্থীর অংশ (E- Type) ফরম স্ক্যান এবং ডাটা প্রেরণে কোন সমস্যা হয় সে ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে যোগাযোগ করে সমস্যার সমাধান করতে হবে। এর পরও যদি ডাটা প্রেরণ করা সম্ভব না হয় সে ক্ষেত্রে ঐ দিনের OMR জনাব মোঃ হারুন অর রশিদ, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রিলিমিনারি টু মাস্টার্স শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে। কেন্দ্রে যথাযথ গোপনীয়তা রক্ষা করে OMR ফরম সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।

উপরে উল্লিখিত নির্ধারিত সময়ের পূর্বে বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা ব্যাতিরেকে কোনক্রমেই OMR ফরম বিক্রয় বা নষ্ট করা যাবে না। পরবর্তীতে যেসব পরীক্ষায় Examination Management System (EMS) Software ব্যবহার করা হবে সেসব পরীক্ষার ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে।

বি: দ্র: জরুরী প্রয়োজনে (শুধুমাত্র সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ) যেকোন সমস্যায় জনাব মোঃ হারুন অর রশিদ, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মোবাইল ০১৩১৩-০৫২৩৬৪ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার সহযোগিতা একান্ত কাম্য।


(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল: controller@nu.ac.bd

